1626 1363 500Rs.

INDIA NON JUDICIAL

५००रु. Rs 500

भारत

पाँच सौ रुपया FIVE HUNDRED RUPEES

... and also u/s .. 59 ... of the West Bengal L. R. Act 1955 duly (Exempted from stamp) under the Indian Stamp ... as amended in 1964 Schedule 1A No 23 ... Process Fee ... 4 ... Paid in C ...

A 99.00
28.00
4.00
131.00

Ranajit kumar Poddar

District Sub-Registrar ... 24-Parganas

মং ১০,০০০.০০ দশ হাজার টাকা মূল্যের

সাফ বিক্রয় কোবালা দলিল :-

*** ** ******* ********* ** **

কোবালা গ্রহিতা :- শ্রী সুকুমার দাস, পিতা শ্রী ধীরেন্দ্রনাথ দাস,
জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং - ১০০, মহাত্মা গান্ধী রোড,
টপ ফ্লোর, রুম নং ১১, থানা জোড়াসাঁকো, কলিকাতা- ৭।

কোবালা দাতা :- শ্রী রণজিৎ কুমার পোদ্দার, পিতা মৃত জিতেন্দ্র নাথ পোদ্দার,
জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং -২১ ডনং সন্তোষপুর এভিনিউ,
থানা যাদবপুর, কলিকাতা- ৭৫।

*********** ** ** *********** ****************************

কস্য জমি জমা যায় সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ নির্দায় নির্দোষ অবস্থায় নিম্নস্থ সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

200Rs.




(২)

Ranajit kumar Poddar

জেলা ২৪ পরগনা (দঃ), পরগণে খাসপুর, থানা সাবেক সদর টালিগঞ্জ, হাল কসবা, সাব রেজিষ্ট্রি অফিস আলিপুর, অধুনা শিবাদহ অন্তর্গত বর্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশানের অধীন অত্র জেলা কালেকটারীর ১৫১ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ৮ ১/২, জে, এল, নং ২৪, মৌজা চকগনিয়াগাছি গ্রামে হাল রিভিসন্যাল জরীপের খণ্ড ৩৩ নং খতিয়ান ভুক্ত হাল ২০/৪১ নং দাগে রাস্তার জমি সহ কমবেশ ৩ কাঠা ৭ ছটাক ২৬ বর্গ ফুট জমি যাহা অত্র সাথ সম্বলিত প্ল্যানে লাল রং এর রেখা দ্বারা বেষ্ঠিত করিয়া ৫ নং প্লটে দেখান হইল, উক্ত সম্পত্তি অত্র দলিলের বিক্রিত সম্পত্তি হইতেছে।

উক্ত সম্পত্তি সহ অপরাপর দাগ ও খতিয়ান ভুক্ত সম্পত্তি তারকনাথ বৈদ্য মহাশয় জমিদার অনাথ নাথ বিশ্বাসের নিকট হইতে কবুলতি মূলে ও কতক সম্পত্তি বিহারী লাল মণ্ডলের নিকট হইতে মৌরশী মোকররী পাট্টা মূলে বন্দোবস্ত লয়েন। এমতপ্রকারে, তারক নাথ বৈদ্য মহাশয় তাহার বন্দোবস্ত লওয়া ও পাট্টা মূলে লওয়া উক্ত সম্পত্তি একক ষোল আনা নির্ব্বিঘ্নে ভোগবান মালিক দখলীকার থাকেন।






Ranajit Kumar Poddar

অতঃপর, তাহার মৃত্যুর পর কবুলতি মূলে বন্দোবস্ত নওয়া উক্ত ভূম্যাদি অনাথ নাথ বিশ্বাসের মাতা বীণাপাণি দাসী খাস করার জন্য ১৯৪৮ সালে ১০০৯ নং দেওয়ানী মোকর্দ্দমা আলিপুর প্রথম মুনসেফ আদালতে দায়ের করেন। কিন্তু, উক্ত মোকর্দ্দমায় উক্ত সম্পত্তি বীণাপাণি দাসী খাস করিতে না পারায় তারকনাথ বৈদ্যের পাঁচ পুত্র - সতীশ চন্দ্র বৈদ্য, দেবেন্দ্র নাথ বৈদ্য, রাজেন্দ্র নাথ বৈদ্য, যোগেন্দ্র নাথ বৈদ্য ও মহেন্দ্র নাথ বৈদ্য মহাশয়গণের নাম জমিদার সেরেস্তায় রায়ত স্থিতিবান সূত্রে রেকর্ড ভুক্ত করাইয়া লইয়া নির্ব্বিঘ্নে ভোগ দখল করিতে থাকেন। স্টেট এ্যাকুইজিশান এ্যাক্ট অনুযায়ী সাবেক ১নং খতিয়ান ভুক্ত সম্পত্তি হাল রিভিসন্যাল সেটেলমেন্ট উক্ত পাঁচ পুত্রের নাম বরাবর তুল্যাংশে অর্থাৎ ১/৫ রকমাংশ হিসাবে খন্ড খতিয়ানে রেকর্ড ভুক্ত হয়।

সকল শরিকগণের তাহাদের অংশানুযায়ী সম্পত্তি পৃথক পৃথক ভাবে ভোগ দখলের সুবিধার্থে সকলে একত্রিত ও একমত হইয়া তাহাদের এজমালী সম্পত্তি আপোষ বাঁটোয়ারা করিয়া লইয়া পৃথক পৃথক ভাবে ভোগ দখল করিতে থাকেন।

3R$50P

INDIA

तीन रुपये पचास पैसे

सत्यमेव जयते

THREE RUPEES भारत FIFTY PAISE




Ranajit Kumar Poddar

উক্তরূপ বাঁটোয়ারা মূলে সতীশ চন্দ্রবৈদ্য মহাশয়ের নিজাংশে প্রাপ্ত সম্পত্তির মধ্যে কতক সম্পত্তি তাহার নামে পৃথক খন্ড খতিয়ানে রেকর্ড ভুক্ত হয় এবং কতক খতিয়ানে বর্ণিত ভূম্যাদি তাহাদের সকল ভ্রাতার নামে একত্রে রেকর্ড ভুক্ত হয়।

অতঃপর, উক্ত সতীশ চন্দ্র বৈদ্য মহাশয় তাঁহার নিজাংশে প্রাপ্ত উক্ত সম্পত্তি খাসে ভোগ দখল করিতে থাকাবস্থায় শ্রী সুব্রত বৈদ্য দিগরকে ৩ পুত্র, ৭ কন্যা ও ১ স্ত্রী ওয়ারেশ উত্তরাধিকারী বিদ্যমান রাখিয়া বিগত ইং ১৯৮১ সালের ১লা মে তারিখে পরলোক গমন করিলে পর, উক্ত সুব্রত বৈদ্য মহাশয় দিং তৎত্যক্ত সমুদয় সম্পত্তি ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া খাসে ভোগ দখল করিতে থাকাবস্থায়, তাহাদের নগদার্থের বিশেষ প্রয়োজনে তাহাদের প্রাপ্ত সম্পত্তির মধ্য হইতে হাল ৩৩ নং খতিয়ান ভুক্ত ২০।৪১ নং দাগের কমবেশী ৬ কাঠা ১৫ ছটাক ১৬ বর্গ ফুট জমি জমা বিক্রয় করিবার ঘোষণা করিলে, আমি অত্র কোবালা দাতা তাহা অবগত হইয়া উক্ত সম্পত্তি ইং ২৯/৭/৮৭ তারিখে আলিপুর ডিঃ সাব রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ৯২৬০নং এককেতা সাফ কোবালা দলিল মূলে আমার স্বনামে খরিদ করিয়া মালিক দখলীকার আছি ও হইতেছি।


3Rs50P






Ranajit Kumar Poddar

এক্ষণে নানাবিধ বৈধ কারণে আমার নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমার খরিদা উক্ত সম্পত্তির মধ্য হইতে রাস্তার জমি সহ কমবেশী ৩ কাঠা ৭ ছটাক ২৬ বর্গ ফুট জমি যাহা নিম্নের তপশীলে বিশেষ রূপে বর্ণিত হইল এবং যাহা অত্র সাথ সম্বলিত নক্সায় লাল রঙের রেখার দ্বারা বেষ্টিত করিয়া ৫নং প্লট রূপে দেখান হইল, তাহা বিক্রয় করিবার ঘোষণা করিলে, আপনি অত্র কোবালা গ্রহিতা তাহা অবগত হইয়া উক্ত সম্পত্তি বেলমোক্তা মং ১০,০০০.০০ দশ হাজার টাকা পণ মূল্য প্রদানে খরিদ করিতে চাহিলে পর, আমি আপনার প্রস্তাবিত মূল্য বর্তমান বাজার উচিৎ মূল্য জানিয়া, উক্ত মূল্য ধার্য্য স্বীকারে, অদ্য তারিখে আপনার নিকট হইতে পণের লিখিত সমুদয় মং - ১০,০০০.০০ দশ হাজার টাকা নিম্নের রসিদ মত গ্রহণ করিয়া, অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর লিখিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গিকার, প্রকাশ ও প্রচার - করিতেছি যে :-






Ranajit kumar Podder

উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত, অত্র বিক্রিত সম্পত্তিতে এযাবৎ কাল আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, লভ্য, অধিকারাদি ছিল ও আছে, তৎসমুদয় অদ্য হইতে আমা হইতে সম্পূর্ণ রদ ও রহিত হইয়া সর্ব্বতোভাবে আপনার প্রতি বর্ত্তিল। আপনি অদ্য হইতে অত্র বিক্রিত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে মালিক দখলীকার হইয়া বর্তমান মালিক সরকারে ও হাল কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনে আপনার নিজ নাম পত্তন করতঃ ধার্য্য কর ও ট্যাক্সাদি যথারীতি আদায় দিয়া যদৃচ্ছা সহকারে দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তর করণের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে চিরকাল পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে কস্মিন কালেও আমি মায় ওয়ারিশানগণ ক্রমে কেহ কোন প্রকার ওজর আপত্তি ও দাবী দাওয়াদি করিতে পারিব না ও পারিবেক না। করিলেও তাহা অত্র কোবালা বলে সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য হইবেক।

প্রকাশ থাকে যে, অত্র বিক্রিত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে আর অন্য কাহারও নিকট দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা কোন প্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই। উহা

2Rs

INDIA

दो रुपये दो रुपये

सत्यमेव जयते

TWO RUPEES भारत TWO RUPEES



Ranajit kumar Poddar

উহা কোন প্রকার মামলা মোকর্দ্দমার বিষয় ভুক্ত সম্পত্তি নহে বা উহা সরকার বা কোন বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। উক্ত সম্পত্তি আমি কোন প্রকার ধর্ম্ম সেবায় বা ট্রাস্টে অর্পণ করি নাই কিংবা উহার উপর কোন প্রকার লিয়েন বা চার্জ্জ নাই। সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আমার ষোল আনা খাস দখলে থাকাকালীন উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি আপনাকে নিস্বত্বে সাফ বিক্রয় করিলাম এবং অদ্যই উহাতে আপনাকে খোলসা খাস দখল প্রদান করিলাম।

আরও প্রকাশ থাকে যে, আমার উপরিউক্ত উক্তি সমূহের মধ্যে যদি কোন একটি উক্তি মিথ্যা বা তঞ্চকী বলিয়া প্রকাশ পায়, তাহা হইলে আমি মাফিক আইন আমলে আসিব এবং আপনার প্রদত্ত পণের সমুদয় টাকা আয় যাবতীয় ক্ষতি খেসারতাদি সহ এককালীন ফেরত দিতে ওয়ারিশানগণ ক্রমে বাধ্য রহিলাম ও রহিবেক।

যদি ভবিষ্যতে অত্র দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায়, তাহা হইলে আপনার তলবে ও আপনার খরচায় উপযুক্ত সংশোধনী দলিলাদি বিনা পণে বিনা ওজরে পুনরায় আপনার অনুকূলে সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিতে আমি বাধ্য ও স্বীকৃত রহিলাম।

Ranajit Kumar Poddar

উল্লেখ থাকে যে, বিক্রিত সম্পত্তি সংলগ্ন যে কমন প্যাসেজ রহিয়াছে, উক্ত প্যাসেজের উপর দিয়া অবাধ চলাচলের অধিকার ও সর্ব্ব প্রকার বৈদ্যুতিক কানেকশান, ড্রেণ প্রভৃতি করিবার স্বত্ব ও অধিকার আপনার সায় আপনার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণের রহিল ও রহিবেক।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় সুজ্ঞানে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া এবং পণের লিখিত সমুদয় টাকা নিম্নের ন্যায় মত বুঝিয়া পাইয়া, অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আমি আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিলাম। ইতি তাং ইং সন ১৯৮৭ সালের ২১শে জানুয়ারী, বাংলা সন ১৩৯৩ সালের ৭ই মাঘ।

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় :-

****************************


জেলা ২৪ পরগনা (দঃ), থানা হাল কসবা, সাব রেজিষ্ট্রি অফিস আলিপুর অধুনা শিবাদহের এলাকাধীন পরগনা খাসপুর, অত্র জেলা কালেক্টারীর ১৫১ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ৮ ১/২, জে. এল, নং ২৪, বর্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের অন্তর্গত মৌজা চকগনিয়াগাছি গ্রামে স্বত্ব মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা ২৪ পরগনার কালেক্টার বাহাদুর অধীন রায়ত দখলী স্বত্বায় হাল রিভিসন্যাল জরীপের খন্ড ৩৩ নং খতিয়ান ভুক্ত ২৩।৪১ নং দাগে রাস্তার জমি সহ কমবেশী ৩ কাঠা ৭ ছটাক ২৬ বর্গ ফুট জমি যাহা অত্র সাথ সম্বলিত নক্সায় লাল রঙের রেখার দ্বারা বেষ্ঠিত করিয়া ৫ নং প্লটে দেখান হইল, তাহাই অত্র দলিলের বিক্রিত সম্পত্তি হইতেছে। উহার হারাহারি বার্ষিক খাজনা

পয়সা মাত্র।

A SITE PLAN OF P-5 OF MOUZA CHAKGANI-AGACHI, R.S. DAG NO. 41, J.L. 24, P.S. KASBA 24 PRGS.

SCALE - 1" = 50'

| | K - C - SFT. |
|---|---|
| TOTAL LAND - | 3 - 7 - 26 |
| ROAD - | 0 - 7 - 10 |
| NET LAND - | 3 - 0 - 16 |



বিক্রিত ভূমির -

| দাগ নং | | শ্রেণী | পরিমাণ |
|---|---|---|---|
| $\frac{২০}{৪১}$ | কুড়ি বাটা একচল্লিশ | শালী | নেট জমি- ৩ কাঠা ০ ছটাক ১৬ বর্গ ফুট |
| | | | রাস্তার জমি - ৭ ছটাক ১০ বর্গ ফুট |
| | | | মোট - ৩ কাঠা ৭ ছটাক ২৬ বর্গ ফুট |

মং রাস্তার জমি সহ কমবেশী তিন কাঠা সাত ছটাক ছাব্বিশ বর্গ ফুট জমি -তাহাই বিক্রিত।

বিক্রিত ভূমিতে চাষ হয়।

উহার চৌহদ্দি :-
*******************

উত্তর :- সান

দক্ষিণ :- [illegible] ২০' [illegible]

পূর্ব :- [illegible] ৬ নং প্লট

পশ্চিম :- [illegible] ৪ নং প্লট

টাকার জায় :-
****************

১০০.০০ টাকার নোট ১০০ কেতায় ...........১০,০০০.০০ টাকা,

মং দশ হাজার টাকা মাত্র।

Ranajit kumar Poddar

ইসাদী :-

মুসাবিদাকারক :-
[signature]
দলিল লেখক : আলিপুর

টাইপ কারক :-
Aparna
আলিপুর, কলিকাতা- ২৭।

1) Madhu Sudan Das
216, Santoshpur Avenue
Calcutta-75

2) Bankim Chakraborty
Alipur